Tempestuous, *a.* ঝড়ুয়া, ঝড়ময়
Templar, *s.* স্মৃতিপাঠক
Temple, *s.* মন্দির, দেবালয়, মঠ ; কপালের পার্শ্বদয়, পানপাটী
Temporal, *a.* অনন্ত, অনিত্য ; সাংসারিক [সুখভোগ
Temporality, *s.* সাংসারিক বিভব,
Temporally, *ad.* ইহকালীন, সাংসারিকরূপে [চিরস্থায়ী
Temporary, *a.* ক্ষণিক, অনিত্য, অ-
Temporize, *s. n.* গতিক্রিয়া-ক্ল, গৌণ-ক্ল, বিলম্ব-ক্ল
Tempt, *v. a.* কুকর্ম্মে লোভ-দর্শা, ফুসলা, প্রবৃত্তি-দা
Temptation, *s.* লালচ, লোভ ; প্রতারণা ; পরীক্ষা
Tempter, *s.* লোভ দেখানিয়া ; পরীক্ষক ; প্রতারক

Ten, *s.* দশ, দশ সংখ্যক
Tenfold, *a.* দশগুণ
Tenable, *a.* ধর্ত্তব্য, রক্ষণীয়, ধারণীয়
Tenacious, *a.* ধারক, অত্যাজ-ক্ল ; চিটে ; দৃঢ়াবলম্বী [ভাব, দৃঢ়তা
Tenacity, *s.* সংলগ্নশীলতা ; চটচট্যা-
Tenancy, *s.* কেরেয়ায় দখল বা ভোগ
Tenant, *s.* রাইয়ত, প্রজা, ভাড়াট্যা
Tenantable, *a.* ভাড়াযোগ্য
Tenantry, *s.* প্রজাসমূহ
Tend, *v. a.* রক্ষা-ক্ল ; চৌকী-দা, খবরদারি-ক্ল ; মনোযোগী-হ
Tend, *v. n.* কোন দিগে হেলিত-হ, গড়াইয়া-যা ; লক্ষ্য-ক্ল ; সাহায্য-ক্ল
Tendency, *s.* স্বভাব, আশয় ; হেলাভাব
Tender, *a.* নরম, কচি, কোমল ; অল্পেতে পীড়া বোধ হয় যাহার, কৃপালু
Tender, *v. a.* প্রস্তাব-ক্ল, নিবেদন-ক্ল
Tender, *s.* প্রস্তাব, দরখাস্ত ; ভেট
Tender-hearted, *a.* কোমলান্তঃকরণ, কৃপালু [স্নেহপাত্র
Tenderling, *s.* হরিণের প্রথম শৃঙ্গ ;
Tenderly, *ad.* স্নেহপূর্ব্বক
Tenderness, *s.* কোমলতা ; কৃপা ; করুণা, স্নেহ ; সাবধানতা
Tendon, *s.* শির, রগ
Tendril, *s.* লতার আঁকড়ি
Tenebrious, *a* ঘোর, তিমিরময়
Tenement, *s.* বাসা, ঘর, বাটী
Tenet, *s.* ধর্ম্ম ; রীতি, মত
Tenor, *s.* ধারা, মত, ভাব ; অর্থ, মানে, তাৎপর্য্য [শব্দ
Tense, *s.* ব্যাকরণে ক্রিয়াকাল বাচক
Tension, *s.* টানাভাব, বিস্তীর্ণতা
Tent, *s.* তাম্বু, ডেরা ; ঘায়ের পলিতা

Tentation, *s.* লোভ, লালচ ; পরীক্ষা

Tenter, *s.* কোন দ্রব্য বিস্তার করণার্থ আঁকড়ি

Tenth, *a.* দশুই, দশম

Tenths, *s.* দশমাংশ

Tenthly, *ad.* দশমতঃ, দশ দফা

Tenuity, *s.* সূক্ষ্মতা, ক্ষীণতা

Tenuous, *a.* সূক্ষ্ম, পাতলা, ক্ষীণ

Tenure, *s.* ভুক্তি, পাট্টা

Tepid, *a.* ঈষদুষ্ণ, কুশমতপ্ত

Tergiversation, *s.* ফেরফারে কথা কহন

Term, *s.* স্থান বা সময়ের নিরূপিত কাল বা স্থান ; নাম, সংজ্ঞা ; নিয়ম, করার

Term, *v. a.* সংজ্ঞা-দা, নাম-রাখ, কহ

Termagant, *s.* কোন্দলিয়া স্ত্রী, দুর্মুখা স্ত্রী

Terminable, *a.* যাহার শেষ হইতে পারে, পরিসীমাযোগ্য

Terminate, *v. n.* সমাপ্ত-কৃ, শেষ-কৃ

Termination, *s.* শেষ, সমাপ্তি, অন্ত ; বিভ—

Term[illegible] শেষ, অনন্ত [তাল

[illegible] ঞ্চ, চৌবুত্রা ; ছাত, ছা-

Terraqueous, *a.* ভূমি জল এই উভয়েতে নির্ম্মিত

Terrestrial, *a.* পৃথিবীস্থ, জগতস্থ

Terrestrious, Terreous, *a.* মৃত্তিকাময়, মৃন্ময়

Terrible, *a.* ভয়ানক, ভয়ঙ্কর, অতিবাদ, প্রকাণ্ড, দারুণ [য়রূপে

Terribly, *ad.* ভয়ানকরূপে, অতিশ-

Terrior, *s.* জমির তালিকা ; কুক্কুরবিশেষ ; বিদ্ধ কর্ত্তা [নক

Terrific, *a.* ভয়ঙ্কর, শঙ্কাজনক, ভয়া-

Terrify, *v. a.* ভয়-দর্শা, আশঙ্কাদর্শা

Territorial, *a.* রাজ্য সম্বন্ধীয়, দেশ সম্বন্ধীয়

Territory, *s.* রাজ্য, দেশ, ভূমি, ধাম

Terror, *s* আশঙ্কা, ভয়, ত্রাস, আতঙ্ক

Terse, *a.* পরিপাটীরূপে লিখিত ; চিক্কণ

Tertian, *s.* তেযাইয়া, ত্র্যাহিক

Test, *s.* পরীক্ষা, যাচাই ; কষ্টি পাতর

Testaceous, *a.* ঝিনুকময়, কচ্ছপকোষী

Testament, *s.* মুমূর্ষকালীন দান পত্র ; বাইবেলের আদিপুস্তক ও অন্তভাগ

Testamentary, *a.* মুমূর্ষকালীন দানপত্রের দ্বারা দত্ত

Testator, *s.* মুমূর্ষকালে দান পত্র কর্ত্তা

Testatrix, *s.* মুমূর্ষকালে দানপত্র কর্ত্রী

Tested, *a.* পরীক্ষিত, কষ্টির দ্বারা যাচিত

Tester, *s.* শয্যাচ্ছাদন, ছত্রী

Testicle, *s.* মুষ্ক, অণ্ডকোষ, হোল

Testifier, *s.* সাক্ষী, সাইদ

Testify, *v. n.* প্রমাণ-দা, সাইদ-দা, সাভ্যস্ত-কৃ [পত্র

Testimonial, *s.* প্রমাণ পত্র, সাভ্যস্ত

Testimony, *s.* প্রমাণ, সাক্ষ্য

Testiness, *s.* খিট্খিটামি

Testy, *a.* উগ্র স্বভাবক, চিড়্চিড়্যা

Tete-a-tete, *s.* সন্মুখাসন্মুখি, মুখামুখি, কানাকানি

Tether, *s.* চড়িবার সময়ে যে রজ্জুতে পশ্বাদি বাধে তাহা [কৃ

Tether, *v. a.* উক্ত প্রকার রজ্জুতে বদ্ধ-

Tetragon, *s.* সম চতুষ্কোণ

Terastic, *s.* চতুষ্পাদ শ্লোকবিশেষ

Tetter, *s.* ছুলি, দাদ্রু

Text, *s.* মূলবচন, টীকা

Texture, *s.* বুননি বুনাট

Than, *ad.* অপেক্ষা, হইতে

Thank, *v. a.* ধন্যবাদ কৃ

Thankful, *a.* কৃতজ্ঞ, ধন্যবাদী, কৃতার্থী

Thankfully, *ad.* কৃতজ্ঞতাপূর্ব্বক

Thanks, *s.* কৃতজ্ঞতা, ধন্যবাদ
Thanksgiving, *s.* ধন্যবাদ, স্তুতি, স্তব
That, *pron* তৎ, ঐ, তাহা ; যে, এই
That, *conj.* অতএব, সুতরাং
That is to say, অর্থাৎ
Thatch, *v. a.* গৃহাচ্ছাদন-কৃ, ছাও
Thatch, *s.* খড়, তৃণ, ঘাস, গৃহাচ্ছাদনী
Thatcher, *s.* ঘরামী, গৃহাচ্ছদক
Thaw, *v. n.* গল, নরম-হ, দ্রব-হ
Thaw, *s* জমাট দ্রব্য গলিয়া-যাওন
The, *article,* সে, যেই, বিশেষবস্তু বা ব্যক্তিসূচক অব্যয় শব্দ
Theatre, *s.* নাট্যশালা, নাচঘর
Theatrical, *a.* নাট্য বিষয়ক
Thee, *the oblique case singular of Thou,* তোমাকে, তোকে
Theft, *s.* চৌর্য্য, অপহরণ
Their, Theirs, *possessive of They,* তাহারদের, তেযাং
Them, *pron. pl.* তাহাদিগকে, ইহাদিগকে [আশয়
Theme, *s.* মূলবাক্য, প্রসঙ্গ, হেতু,
Themselves, *pron. pl.* তাহারা স্বয়ং
Then, *ad.* তৎকালে, সে সময়ে, তখন, তবে, তৎপ্রযুক্ত [তদর্থে
Thence, *ad.* তথাহইতে ; তৎকালাবধি
Thenceforth, *ad.* তৎসময় অবধি, সেকালহইতে
Thenceforward, *ad.* তৎকালাবধি
Theocracy, *s.* ঈশ্বর প্রভুত্ব
Theogony, *s.* দেব বংশাবলির বৃত্তান্ত, অমর বংশ [পক
Theologian, *s.* ঈশ্বর বিষয়ক বিদ্যাধ্যা-
Theological, *a.* ধর্ম্ম বিষয়ক বিদ্যা সম্বন্ধীয়
Theologist, *s.* ধর্ম্ম বিদ্যাজ্ঞ
Theology, *s.* পরমার্থ বিদ্যা
Theorem, সূত্র, বার্ত্তিক
Theoretic, *a.* অনুভবনীয়, অনুমেয়
Theorist, *s.* অনুমানমাত্রের, অনুমান কর্ত্তা, কল্পণাকর্ত্তা [বিষয়
Theory, *s.* অনুমান, কল্পণা, মনস্থ-
There, *ad.* তথায়, সেখানে, ওখানে, এই [ৎস্থান সমীপে
Thereabouts, *ad.* প্রায় সমান২ ; ত-
Thereafter, *ad.* তদন্তর, তদনুসারে
Thereat, *ad* তাহাতে, সেখানে, সেই প্রযুক্ত
Thereby, *ad.* তদ্দ্বারা, তাহাতে
Therefore, *ad.* অতএব, সেইপ্রযুক্ত, তন্নিমিত্তে
Therefrom, *ad.* তাহাহইতে, তস্মাৎ
Therein, *ad.* তন্মধ্যে, উহাতে
Thereof, *ad.* তাহাহইতে
Thereof, Thereupon, *ad.* তদুপরি, তাহার উপর [ইহাতে
Thereto, Thereunto, *ad.* তাহাতে,
Therewith, *a.* তাহার সহিত
Therewithal, *ad.* আরো, তদ্ভিন্ন
Thermometer, *s.* তাপমাপক যন্ত্র
These, *pron. pl.* এই সকল
Thesis, *s.* প্রসঙ্গ, কোটি, মূলকথা
They, *pron pl.* তাহারা, ইহারা, উহারা [গাঢ়, ঘন ; গভীর
Thick, *a.* মোটা, স্থূল খাপ, পুরু ;
Thick, *ad.* ঘন২, বারম্বার, সতত্মা
Thicken, *v. a.* ঘন-কৃ, গাঢ়-কৃ, দৃঢ়-কৃ, শক্ত-কৃ
Thicket, *s.* বন, জঙ্গল, অরণ্য, কানন
Thickly, *ad.* ঘনরূপে, স্থূলভাবে
Thickness, *s* নিরেটভাব, ঘনত্ব, গাঢ়ত্ব
Thief, *s.* চোট্টা, অপহারক, দস্যু, চোর
Thievery, *v.* চুরি, চৌর্য্য, তস্করী
Thievish, *a.* চোরস্বভাবক

Thigh, *s.* উরু, জঙ্ঘা, উরাত
Thimble, *s.* অঙ্গুষ্ঠানা
Thin, *v. a.* পাতলা, সরু ; ক্ষীণ, কৃশ ; অনিবিড় ; ক্ষুদ্র
Thin, *v. a.* পাতলা-কৃ, সরু-কৃ
Thine, *pron.* তোমার, ত্বদীয়, তব
Thing, *s* বস্তু, দ্রব্য, বিষয়
Think, *v. n.* চিন্তা-কৃ, অনুমান-কৃ ; বুঝ, বিবেচনা-কৃ ; বোধ-কৃ
Thinker, *s.* চিন্তাকারক
Thinking, *s.* বিচার, বিবেচনা, অনুমান, চিন্তা
Thinly, *ad.* সূক্ষ্মরূপে, পাতলারূপে ক্ষীণরূপে
Thinness, *s* ক্ষীণতা, সূক্ষ্মতা
Third, *a.* তৃতীয়, তেসরা
Third, *s.* তৃতীয়াংশ
Thirdly, *ad.* তৃতীয়তঃ, তিন দফা
Thirst, *s.* তৃষ্ণা, পিপাসা, পেয়াস
Thirst, *v. n.* তৃষ্ণা-পা, পিপাসিত-হ, ব্যগ্র-হ
Thirsty, *a.* পিপাসী, তৃষ্ণান্বিত
Thirteen, *a.* ত্রয়োদশ, তেরো
Thirteenth, *a.* তেরুই, ত্রয়োদশ
Thirty, *a.* ত্রিংশৎ, ত্রিশ
Thirtieth, *a.* ত্রিংশত্তম
This, *pron.* এ, এই, ইহা, এতৎ, ইনি
Thistle, *s.* শিয়াল কাঁটা
Thither, *ad.* তথায়, হোতায়, ওখানে
Thitherto, *ad.* তৎপর্য্যন্ত, তদবধি
Thitherward, *ad.* সেদিগে, ঐদিগে
Thong, *s.* তসম, চর্ম্মবন্ধনী
Thorax, *s.* বক্ষ, উদর
Thorn, *s.* কন্টক, কাঁটা, শূল
Thorny, *a.* কাঁটাল, কন্টকময়
Thorough, *a.* সম্পূর্ণ, সমুদায়
Thoroughfare, *s.* কোন স্থানের মধ্যে দিয়া পথ [পে
Thoroughly, *ad.* সম্পূর্ণরূপে, তাবৎরু
Thorough-paced, *a.* সম্পূর্ণ, সমুদায়, তাবৎ
Those, *pron.* ওসকল, ঐসব, উহারা
Thou, *pron.* তুমি, তুই, ত্বং
Though, *conj* যদি, যদ্যপি, তথাপি, তথাচ
Thought, *s.* চিন্তা, ভাবনা, ধ্যান
Thoughtful, *a.* চিন্তিত, উৎকণ্ঠিত, উদ্বিগ্ন [উড়নচড়িয়া
Thoughtless, *a.* নিশ্চিন্ত, অনুৎকণ্ঠিত,
Thousand, *s.* সহস্র, হাজার
Thraldom, *s.* দাসত্ব, পরাধীনতা
Thrall, *s.* দাস, ভৃত্য ; পরাধীনতা
Thrapple, *s.* পশুর গলা বা টুঁটি
Thrash, *v. a* শস্য মর্দ্দন-কৃ, ঝাড় ; প্রহার-কৃ
Thrashes, *s.* শস্য মর্দ্দক, ঝাড়নিয়া
Thread, *s.* সূত্র, সূতা, তন্তু [বুনা
Thread, *v. a.* সূতা-চালা, সূতাদিয়া-
Threadbare, *a.* লোমরহিত, জীর্ণ
Threat, *s.* তর্জ্জন গর্জ্জন, ধমক্, তাড়ন
Threaten, *v. a.* তর্জ্জন-কৃ, ধমকা
Three, *a.* তিন, ত্রি [ফেরা
Threefold, *a.* ত্রিগুণ, তেহারা, তিন
Threescore, *a.* তিন কুড়ি
Threshold, *s.* গোবরাট, বহিঃদ্বার
Thrice, *ad.* তিনবার, তৃতীয়বার
Thrift, *s.* লাভ, প্রাপ্তি, মুনফা ; ব্যয়কুণ্ঠতা ; পরিমিত ব্যয়
Thriftily, *ad.* পরিমিত ব্যয়পূর্ব্বক, ব্যয়কুণ্ঠতাপূর্ব্বক
Thriftiness, *s.* পরিমিত ব্যয়িত্ব
Thriftless, *a.* উড়নিয়া, বহুব্যয়ী
Thrifty, *a.* পরিমিতব্যয়ী, কসা

Thrill, *v. a.* ঝন্ ঝন্ শব্দদ্বারা কর্ণ বিদ্ধ-কৃ, ছেদা-কৃ
Thrive, *v. a.* বর্দ্ধিষ্ণু-হ, বাড়
Thriving, *a.* বর্দ্ধনশীল, বৃদ্ধি
Throat, *s.* গলা, টুটি, কণ্ঠ
Throb, *v. n.* টাটা, বুক ধড়ফড়-কৃ
Throb, *s.* কন্ কন্, টাটানি
Throe, *s.* প্রসব বেদনা ; মৃত্যুকালীন টান [মছলন্দ
Throne, *s.* সিংহাসন, রাজপাট,
Throng, *s.* জনতা, ভিড়, গোল
Throng, *v. a.* ভিড়-কৃ, জনতা-হ
Throttle, *v. a.* শ্বাসপথ, গলার নলী
Throttle, *v. a.* গলা-টিপ, নিশ্বাস বন্ধ-কৃ [দ্বারা, কর্তৃক
Through, *prep.* অবচ্ছেদে, মধ্যদিয়া ;
Through, *ad.* এফোঁড়ওফোড়
Throughout, *ad.* সর্ব্বত্র, সর্ব্বদিগে ব্যাপিয়া
Throw, *v. a.* ফেল, ঢাল, নিক্ষেপ-কৃ ; সমর্পণ-কৃ ; *to through up*, বমন-কৃ ; ত্যাগ-কৃ [ফেলন ; আঘাত
Throw, *s.* নিক্ষেপ, ফেলন ; দান
Thrush, *s.* পক্ষিবিশেষ
Thrust, *v. a.* ঢুসা, ধাক্কা-দা, ঠাসিয়া-ভর ; হঠাৎ প্রবেশ-কৃ
Thrust, *s.* ধাক্কা, খোঁচা, ঢুসামারণ
Thumb, *s.* অঙ্গুষ্ঠ, বৃদ্ধাঙ্গুলি
Thump, *s.* থাবড়া, চাপড়
Thump, *v. a.* চাপড়-মার
Thumping, *s.* চপেটাঘাত
Thumping, *a.* বৃহৎ, প্রকাণ্ড
Thunder, *s.* মেঘগর্জ্জন, মেঘনাদ
Thunder, *v. a.* গর্জ্জন-কৃ, বৃহন্নাদ-কৃ
Thunderbolt, *s.* বজ্র, চিক্কুর
Thunderclap, *s.* বজ্রাঘাত, কড়কড়ি
Thunderer, *s.* বজ্রধর, গর্জ্জনকারক
Thundering, *s.* বজ্রশব্দবৎ, বিষম
Thunderstruck, *a.* বজ্রাঘাতী
Thursday, *s.* বৃহস্পতিবার, গুরুবার, লক্ষ্মীবার
Thus, *ad.* এইরূপ, এমত, এইপ্রকার
Thwack, *v. a.* থাবড়া-মার
Thwart, *v. a.* ব্যাঘাত-কৃ, আড়ি-কৃ
Thy, *pron.* তোমার তদীয়, তব
Thyself, *pron.* তুমি, স্বয়ং
Tiara, *s.* মস্তকাভরণ কিরীট, মুকুট
Tick, *s.* কুক্কুর বা ভেড়ার গায়ের উকুন প্রত্যয়
Tick, *v. a.* ঘড়ীর ন্যায় টুনং-কৃ
Tick, *v. n.* প্রত্যয়-কৃ, বিশ্বাস-কৃ
Ticket, *s.* পত্র, চিঠী, টিপ
Ticking, *s.* বিছানা প্রস্তুত করণের কাপড় ; ঘড়ীর টীকটীক্ শব্দকরণ
Tickle, *v. n.* কাতুরকুতুর-দা
Ticklish, *a.* কাতুরকুতুরযুক্ত ; অনিশ্চিত, অস্থির [স্রোত
Tide, *s.* সময়, কাল ; জোয়ার, ভাটা ;
Tidewaiter, *s.* ঘাটোয়াল
Tidiness, *s.* পরিপাট্য, সূক্ষ্মতা
Tidily, *ad.* পরিপাটীরূপে
Tidings, *s.* সমাচার, খবর, বার্ত্তা
Tidy, *a.* সময়মত ; সাফসুতরা
Tie, *s.* বন্ধনী, গ্রন্থি, গাইট ; এক বার বাধ্যবাদকতা
Tie, *v. a.* বন্ধন-কৃ, বাঁধে ; বন্ধ-কৃ, গিরা-দা ; প্রতিবন্ধ-কৃ
Tier, *s.* শ্রেণী, পঁক্তি, সারি
Tierce, *s.* ১৪২ সেরি পিপা
Tiff, *s.* জলপান, পানীয় দ্রব্য, কন্দল
Tiff, *v. n.* ঝগড়া-কৃ, বেজার-হ
Tiffin, *s.* জলপান, জলযোগ
Tiger, *s.* ব্যাঘ্র, বাঘ, শার্দ্দূল
Tight, *a.* কসা, টানা আঁটাল

Tighten, *v. a.* কসা-কৃ, চোস্ত-কৃ
Tighty, *ad.* আঁটাআঁটি, কসাকসি
Tightness, *s.* অটলতা, দৃঢ়ত্ব
Tigress, *s.* ব্যাঘ্রী, বাঘিনী
Till, *s.* দোকানের সিন্দুক
Till, *prep.* পর্য্যন্ত, যদবধি
Till, *v. a.* চাষ-কৃ, কৃষি-কৃ, চষ
Tillable, *a.* কৃষি বা চাষের উপযুক্ত
Tillage, *s* কৃষিকর্ম্ম, চাযবাস
Tiller, *s.* চাষা, কৃষাণ ; নৌকার হাল ; টাকা রাখিবার সিন্দুক
Tilt, *v. n.* অস্ত্র খেলা-কৃ ; হুড়হুড় করিয়া-পড়
Timber, *s.* চৌকর কাষ্ঠ
Timbrel, *s.* বাদ্য যন্ত্রবিশেষ
Time, *s* কাল সময়, ওক্ত, অবকাশ, বয়স ; প্রসব কাল ; বার
Time, *v. a.* কাল নিরূপণ-কৃ
Time-keeper, *s.* ঘড়ী, ঘটীকা
Timely, *ad.* উপযুক্তকালে
Times, *s.* বার, চারি বার
Time-serving, *a* যখন যে প্রবল হয় তখন তাহার খোসামোদ করণ
Timid, *a* ভীত, ডরুকা, ভীরু, ত্রাস-যুক্ত
Timidity, *s.* অসাহস, ডর, ভীরুতা
Timorous, *a.* ত্রাসযুক্ত, ভীরু, শঙ্কান্বিত, ডরুক
Tin, *s.* রাঙ্গ, টিন, কলাই
Tin, *v. a.* কলাই-কৃ
Tinct, *s.* রং, বর্ণ ; কলঙ্ক, দাগ
Tincture, *s.* রং, বর্ণ ; ক্বাথ
Tinder, *s.* শীঘ্র জ্বলনশীল দ্রব্য যথা পোড়া সোলা ইত্যাদি
Tinge, *v. a.* রং-কৃ, বর্ণময়-কৃ
Tingle, *v. n.* কর্ণে টনটন-কৃ
Tinker, *s.* কাঁসারি, কাংস্যকার
Tinkle, *v. n.* টুনটুন-কৃ, ঠনঠন-কৃ
Tinkling, *s.* টনটনি, ঠনঠনী
Tinman, *s.* কলাইকর
Tinsel, *s.* বস্তুতঃ অল্পমূল্য দৃষ্টতঃ অতি শোভক বস্তু, জিল্লাদার বস্ত্রবিশেষ
Tint, *s.* বর্ণ, রং, ছোপ, দাগ
Tiny, *s.* ক্ষুদ্র ছোট
Tip, *s.* অগ্রভাগ, আগা, চূড়া
Tip, *v. a.* চূড়া-ঢাক
Tippet, *s.* স্ত্রীকণ্ঠ পরিধেয় বস্ত্র বিশেষ
Tipple, *v. a.* মদ্যাসক্ত-হ, মত্ত-হ, আত্যন্তিক পান-কৃ
Tippler, *s* মাতাল, মদ্যপায়ী
Tipstaff, *s.* আদালতের দণ্ডনায়ক, রাজ কর্ম্মচারি বিশেষ
Tipsy, *a.* মাতাল, বেহোস
Tiptoe, *s.* পাদাঙ্গুলির অগ্রভাগ
Tire, *s.* চাকার লৌহপত্র, তলা
Tire, *v. a.* পরিশ্রান্ত-কৃ, ক্লান্ত-কৃ
Tiresome, *a.* ক্লান্তিকর, ক্লেশদ
Tis, *It is*, শব্দের সঙ্কেত অর্থাৎ আছে
Tissue, *s.* তাসের বা জরির কাপড়, বাদলা
Tit, *s.* ক্ষুদ্রাশ্বের এবং স্ত্রীর অবজ্ঞোক্তি নমভাগ
Titan, *s.* দৈত্য দানব
Titbit, *s.* ভক্ষ্য দ্রব্যের মধ্যের উত্তমভাগ
Tit for tat, *ad.* অদলবদল, যেমন মতি তেমনি গতি
Tithe, *s.* দশমাংশ, দশমাংশকর
Titillate, *v. n.* কাতুর কুতুর-দা
Titillation, *s.* গুদগুদি দেওন
Title, *s.* উপাধি, নাম, পদবী, খেতাব ; গ্রন্থাখ্যাবলী ; অধিকার দিপত্র
Title-page, *s.* মুখপত্র, পুস্তকের আদিপত্র
Titter, *v. n.* হিহি করিয়া হাঁস
Tittle, *s.* অতিক্ষুদ্র বস্তু, টুকি

Tittletattle, s. গপ্পাগপ্পা
Titular, a. নামমাত্র, নামসার
To, *prep* নিকটে, দিগে, পানে, প্রতি, কে ; পর্য্যন্ত
To and fro, *ad.* ইতস্ততঃ, আগুপাছু
Toad, s. কট্‌কটিয়া বেঙ্গ
Toast, v. a. মদ্য পান সময়ে কোন ব্যক্তির উদ্দেশে বা বিষয়ে পান-কৃ ; সেক, ঝলসা
Toast, s. সেকা বালসান রুটী, উপরি উক্ত মতে পান করণ
Tobacco, s. তামাক, তাম্রকূট
Tobacconist, s. তামাকওয়ালা
Tocsin, s. নগরীয় বৃহৎ ঘন্টা
To-day, *ad.* অদ্য, আজি
To-night. *ad.* অদ্য রাত্রে
Toe, s. পাদাঙ্গুলি
Together, *ad.* একত্রে, এক সঙ্গে, এক সাতে ; মিলে
Toil, v. n. ক্লান্ত-কৃ, মেহনত-কৃ
Toil, s পরিশ্রম শ্রান্তি ; ফাঁদ
Toilet, s. স্ত্রীলোকেরা যেমেজের নিকটে কাপড় পরে
Toilsome, a. পরিশ্রমী ক্লেশযুক্ত
Toilsomeness, s. পরিশ্রম, ক্লেশ
Token, s. চিহ্ন, লক্ষণ, নিশানি, ইসারা ; স্মৃতিজনক বস্তু
Tolerable, a সহনীয়, সহ্য
Tolerably, *ad* মধ্যস্থিতরূপে সহ্যরূপে ; চলনসইরূপে
Tolerance, s. সহ্যতা, বরদাস্ত
Tolerant, a. সহিষ্ণুতাকারী
Tolerate, v a. সহ বরদাস্ত-কৃ
Toleration, s. সহ্যতা ; অনুমতি
Toll, s. মাসুল, কর, ভাড়া ; ঘন্টার শব্দ
Toll, v. a. কর-দা ; রব-কৃ ; ঘন্টা-বাজা
Tollbooth, s. বাজার, হাট
Tomb, s গোর, কবর
Tomboy, s. চঞ্চলা কন্যা, অস্থিরা
Tomb-stone s. কবরের উপরের পাথর
Tome, s গ্রন্থ, বহী, পুস্তকের খণ্ড
To-morrow, *ad.* কল্য, কাইল
Ton, s. পরিমাণবিশেষ, প্রায় ২৮ মোন
Tone, s. শব্দ, উচ্চারণ স্বর সুর, ধ্বনি
Tongs, s সাঁড়াশি, চিমটা
Tongue, s. জিহ্বা, রসনা, ভাষা
Tongue-scraper, s. জিভছোলা
Tongue-tied, a. কথা কহিতে ঠেকে যাহার
Tonics, s. পৌষ্টিক ঔষধ
Tonnage, s. জাহাজের ভাড়া
Tonsure, s. মুণ্ডিত হওন, ক্ষৌর
Tontine, s. জীবিত ব্যক্তির প্রাপ্য ধন
Too, *ad* অতি, অত্যন্ত, অতিশয় ; ও, আরো
Tool, s অস্ত্র হেতিয়ার
Tooth, s. দন্ত, দাঁত ; স্বাদ
Toothache, s. দাঁতকড়া, দন্তশূল
Tooth-*brush*, s দন্তমার্জনী
Tooth-*pick*, s. দাঁতখুঁটনী, খেলাল
Tooth-*powder*, মিসি, মঞ্জক
Top s. চূড়া ; উপর, অগ্রভাগ ; লাটিম, লাট্টু
Topaz, s গোমেদক মণি
Tope, v. a. অপরিমিত পান-কৃ
Toper, s. মাতাল, মত্ত
Topheavy, a. মাথাভারি ; মত্ত
Topic, s. প্রসঙ্গ, প্রস্তাব, বৃত্তান্ত
Topical, a. কোন বিশেষ স্থান ঘটিত
Topmost, a. সর্ব্বোপরিস্থ, সর্ব্বোচ্চ
Topography, s. বিশেষ২ ভূমি বা দেশাদির বৃত্তান্ত
Topple, v. n নীচে-পড়
Topsyturvy, *ad* উলটাপালটা

Tor, *s.* অত্যুচ্চ, শৃঙ্গযুক্ত পাহাড়
Torch, *s.* মশাল, দেউটি
Torment, *v. a.* পীড়া-দা, যন্ত্রণা-দা
Torment, *s.* যাতনা, যন্ত্রণা, ক্লেশ, পীড়া
Tormentor, *s.* যন্ত্রণাদায়ক, ক্লেশদায়ক
Tornado, *s.* প্রচণ্ডঝড়, ঘূর্ণাবাতাস
Torpid, *a.* জড়, কুঁড়ে, গড্ডা
Torpidness, *s.* কুঁড়ামি, জড়তা
Torpor, *s.* কুঁড়ামি, জড়তা
Torrent, *s.* স্রোত, প্রবাহ
Torrid, *a.* অত্যুষ্ণ, ঝলসা, উত্তাপের দ্বারা শুষ্ক
Tortoise, *s* কূর্ম্ম, কচ্ছপ, বাগকোল
Tortuosity, *s.* পেঁচ, বক্রতা, পাক
Tortuous, *a.* বক্র, কুটিল, পেঁচাল
Torture, *s.* যন্ত্রণা, পীড়া ; ক্লেশ
Torture, *v. a.* পীড়া-দা, যাতনা-দা
Tory, *s.* রাজভক্ত, রাজদাস
Toss, *v. a.* উৎক্ষেপ-ক্র, উছলপাছল-ক্র, নাড়া-দা
Toss, *s.* উৎক্ষেপ, আন্দোলন
Total, *a.* সম্পূর্ণ, তাবৎ, সমুদায়
Total, *s.* মোট, সকলগ, জুমলা
Totally, *ad.* সম্পূর্ণরূপে, একুনে
Totter, *v. n.* তলতল-ক্র, টলটল-ক্র
Touch, *v. a.* স্পর্শ-ক্র, ছোঁও ; লাগাইয়-পা, পঁহুছ ; সম্পর্ক-হ ; লড়সর ; মেরামত-ক্র [পরীক্ষা
Touch, *s.* স্পর্শ, ছোঁয়া, স্পর্শের দ্বারা
Touch-hole, *s.* বন্দুক ঘর
Touchstone, *s.* কষ্টিপাতর
Touchwood, *s.* স্পর্শমাত্রে অগ্নিধরে যে কাষ্ঠ শোলা
Touchy, *a.* চিড়চিড়া, উগ্রস্বভাব
Tough, *a.* দৃঢ়, শক্ত, কঠিন
Toughen, *v. n.* দৃঢ়-ক্র, শক্ত-ক্র
Toughness, *s.* দৃঢ়তা, শক্তাই
Tour, *s.* যাত্রা, পর্যটন
Tow, *v. a.* গুণ টান
Tow, *s* পরিষ্কৃত পাট
Toward, *a.* শিক্ষা গ্রহণশীল, উদ্যোগী
Towards, *ad.* অভিমুখে, দিগে, পানে, নিকটে, কাছে
Towel, *s.* গাত্রমার্জনী, গামছা, হাতপোঁছা কাপড়
Tower, *s* বুরুজ, গড়, দুর্গ, কেল্লা
Tower, *v. n.* ঊর্দ্ধগমন-ক্র, উড়
Town, *s.* নগর, সহর, পুর
Town-hall, *s.* সাধারণ কর্ম্ম নির্বাহার্থ নগরের ঘর
Townsman, *s.* নগরবাসী
Toy, *s.* খেলানা, পুতুল ; তুচ্ছ বিষয় ; আমোদ
Toy, *v. a.* খেলা-ক্র, মজা-ক্র, তুচ্ছ-ক্র
Toyship, *s.* খেলানার দোকান
Trace, *v. a.* পদচিহ্ন দেখিয়া চল, পাছুং-যা, অনুসন্ধান-ক্র
Trace, *s* পদাঙ্ক, চিহ্ন, উদ্দেশ, পশ্বাদির সাজ [পথ
Track, *a.* অঙ্ক, দাগ, পদচিহ্ন ; রাস্তা,
Trackless, *a.* চিহ্নরহিত, অচলা
Tract, *s.* দেশ, অঞ্চল ; স্থল, ভূমি ক্ষুদ্র পুস্তক
Tractable, *a.* আজ্ঞাবশ, সুশীল, ধীর
Trade, *s.* বাণিজ্য, ব্যবসায়
Trade, *v. n.* বাণিজ্য-ক্র, ব্যাপার-ক্র
Trader, *s.* ব্যবসায়ী, সওদাগর
Tradesman, *s.* দোকানি, ব্যবসায়ী, সওদাগর
Tradition, *s.* ধারাবাহিক, প্রাচীন [illegible]
Traditional, *a.* প্রাচীনোক্ত, পুরা[illegible] কথিত [দুর্নাম-ক্র
Traduce, *v. a.* অপবাদ-দা, কুৎসা-ক্র

Traducement, *s* গ্লানি, কুৎসা
Traducent, *a.* কুৎসাকারী
Traducer, *s.* কুৎসাবাদী, তহমতি
Traffic, *s.* ব্যবসায়, বাণিজ্য
Traffic, *v. n.* বাণিজ্য-কৃ, ব্যবসায়ী-হ
Tragedian, *s.* মহল্লোক রাজা ইত্যাদির দুর্দ্দশা
Tragedy, *s.* মহল্লোক রাজা ইত্যাদির দুর্দ্দশাসূচক সং ; বিভ্রাট
Tragical, *s.* খেদ বা করুণাজনক
Tragi-comedy, *s.* তুষ্টিজনক সং
Trail, *v. a.* আকর্ষণ-কৃ, হেঁচড়িয়া লওয়া [দা : আকর্ষণ-কৃ
Train, *v. a.* প্রতিপালন-কৃ, শিক্ষা-
Train, *s.* পক্ষির লেজ ; পোশাকের পশ্চাদ্ভাগ, আঁচল ; পংক্তি, শ্রেণী ; *the line of powder leading to the mine*, মৃত্তিকার মধ্যস্থ সুড়ঙ্গে যে বারুদ দেওয়া যায়
Train oil, *s.* তিমিমৎস্যের তৈল
Trait, *s.* আঘাত, ঘা. ঠোকর
Traitor, *s.* বিশ্বাসঘাতক, কৃতঘ্ন
Traitorous, *a.* কৃতঘ্ন, রাজদ্রোহী
Traitress, *s.* বিশ্বাসঘাতিনী
Trammel, *v. a.* অবরোধ-কৃ, আটক-কৃ, ধর [জিঞ্জির
Trammel, *s.* জাল, ফাঁদ, ছাদনের
Trample, *v. n* পদতলে মর্দন-কৃ
Trance, *s* মূর্চ্ছা, মোহ, খেয়াল
Tranquil, *a.* ধীর, শান্ত, নিরস্ত, অনুদ্বিগ্ন, ঠাণ্ডা, সুস্থির, নির্বাত
Tranquility, *s.* সুস্থিরতা, শান্তি
Tranquillize, *v. a.* সুস্থির-কৃ
Transact, *v. a* কার্য্য নির্ব্বাহ কৃ
Transaction, *s.* কর্ম্ম, কারবার
Transcend, *v. a.* অন্যাপেক্ষা সরস-হ
Transcendence, *s.* অতি প্রাধান্য
Transcendent, *a.* সরস, বেহদ্দনা, অতিপ্রধান
Transcribe, *v. a.* নকল-কৃ
Transcript, *s* প্রতিলিপি, নকল
Transfer, *v. a.* হস্তান্তর-কৃ
Transfiguration, *s.* রূপান্তর হওন
Transfigure, *v. a.* রূপান্তর-কৃ
Transfix, *s* ভেদ-কৃ : বিদ্ধ-কৃ
Transform, *v. a.* রূপান্তর-কৃ
Transformation, *s.* রূপান্তর হওন ; জন্মান্তর [ঢাল
Transfuse, *v. a* একহইতে অন্যতে
Transgress, *v. a.* অতিক্রম-কৃ ; লঙ্ঘন-কৃ, অন্যথা-কৃ
Transgression, *s* ব্যতিক্রম, অপরাধ
Transgressor, *s* লঙ্ঘনকর্ত্তা ; অপরাধী, দোষী
Transient, *a.* ক্ষণিক, অনিত্য
Transit, *a.* এক গ্রহের নিকট দিয়া অন্য গ্রহের গতি ; *transit of goods* বাণিজ্য দ্রব্য দেশ দিয়া চালান
Transit-*duty*, *s.* রাহাদারি মাসুল
Transition, *s.* স্থানান্তর হওন, পরিবর্ত্তন
Transitory, *a.* অনিত্য, অল্পকালিক
Transitive, *a.* স্থানান্তর বা ভাবান্তর হওন ক্ষম
Translate, *a n* তরজমা-কৃ
Translation *s* তরজমা অনুবাদ, এক ভাষাকে অন্য ভাষা করণ
Translator, *s.* তরজমাকা
Translucent, *a.* উজ্জ্বল, নির্ম্মল
Transmarine, *a.* সমুদ্রপারে প্রাপ্ত
Transmigrate, *v. a.* স্থানান্তরে বা দেশান্তরে গমন-কৃ
Transmigration, *s.* স্থানান্তরে বা দেশান্তরে গমন করণ

Transmission, *s.* চালান, স্থানান্তর প্রেরণ [পরম্পরাগত কৃ
Transmit, *v. a.* পাঠা, প্রেরণ-কৃ;
Transmutable, *a.* পরিবর্ত্তনীয়
Transmutation, *s.* গুণান্তরত্ব ধাতুর গুণ ভেদ করণ
Transmute, *v. a.* স্বভাব পরিবর্ত্তন কৃ
Transparency, *s.* নির্ম্মলতা, কাঁচবৎ
Transparent, *a* তেজোময় উজ্জ্বল
Transpire, *v. n.* প্রকাশ-পা, গুপ্ত হইতে ব্যক্ত-হ
Transplant, *v. a.* স্থানান্তরে রোপণ-কৃ
Transport, *v. a.* স্থানান্তর-কৃ . শহর-বদল-কৃ ; আত্যন্তিক হর্ষযুক্ত-কৃ বা তন্দ্রা অক্রান-কৃ
Transport, *s.* চালান ; দেশবহিষ্কৃত করণ : যে জাহাজের দ্বারা যুদ্ধাদির দ্রব্য প্রেরণ করা যায়
Transportation, *s.* চালান ; শহর বদল করণ ; মহোৎসব [করেন
Transporter, *s.* যিনি দ্রব্য চালান
Transpose, *v. v.* বদল-কৃ
Transposition, *s.* স্বস্থানান্তর করণ, ফেরফার
Transubstantiate, *v. a* স্বভাবান্তর-কৃ
Transubstantiation, *s.* স্বভাবান্তর করণ
Transude, *v. n.* বাষ্পনির্গত-হ, ঘাম
Transverse, *a.* আড়, তের্ছা, টেড়া
Transversely, *ad.* কোণাকোণি
Trap, *s.* পশু ধরণার্থ কল ; ফাঁদ, ওৎ, জাল ; গুলিদাণ্ডা [ধর
Trap, *v. a.* ফাঁদে-ফেল, ফাঁকিদিয়া-,
Trapezium, *s* বিষম চতুর্ভুজ
Trappings, *s.* ভূষণ, অলঙ্কার
Trash, *s.* হুজ্জা, তুচ্ছদ্রব্য
Travail, *v. n.* পরিশ্রম-কৃ, প্রসব বেদনা-পা
Travail, *s.* পরিশ্রম, ক্লান্তি ; প্রসব বেদনা
Travel, *v. n* পর্যটন-কৃ, ভ্রমণ-কৃ
Travel. *s.* পর্য্যটন. যাত্রা : শ্রম
Traveller, *s* পথিক, যাত্রী
Traverse, *ad* আড়েতে, কোণেতে
Traverse. *v a.* আড়পার-কৃ ; ভ্রমণ-কৃ. পর্যটন-কৃ
Tray, *s* থাল, বারকোষ, খঞ্চিয়া
Treacherous, *a.* বিশ্বাসঘাতক
Treachery, *s.* বিশ্বাসঘাতকতা
Treacle, *s.* গুড়, খাঁড়
Tread, *s* পদার্পণ, মাড়ান, দলান ; পথ, রাস্তা
Tread, *v. n.* পদার্পণ-কৃ চল. মাড়া
Tread, *v. a.* পায়ে দিয়া-থেতলা
Treason, *s.* রাজদ্রোহ ; বিশ্বাসঘাতকতা [সম্বন্ধীয়
Treasonable, *a.* রাজপ্রতিকূলাচরণ
Treasure, *s.* ধন, সম্পত্তি, দৌলত
Treasure, *v. a.* সঞ্চয়-কৃ, জমা-কৃ
Treasurer, *s.* খাজাঞ্চী, তহবিলদার
Treasury, *s.* ধনাগার, খাজানাখানা
Treat, *v a.* নির্দ্ধারণ-কৃ, বন্দোবস্ত-কৃ প্রস্তাব কৃ, কথ চালাচালি-কৃ, ব্যবহার কৃ ; ভোজ-দা
Treat, *s.* ভোজ. খানা
Treatise, *s* ক্ষুদ্র পুস্তক, প্রসঙ্গ
Treatment, *s* ব্যবহার সৎ কিম্বা কুব্যবহার
Treaty, *s.* বন্দোবস্ত, নির্দ্ধারণ
Treble, *a.* তিনগুণ, তেহারা
Treble, *v. a.* তিনগুণ-কৃ, ত্রিগুণ-কৃ
Treble, *s.* তীক্ষ্ণ স্বর, জিল, ঘণ্টার মৃদু ধ্বনি
Tree, *s.* গাছ, বৃক্ষ. তরু, দ্রুম
Trellis, *s.* লৌহনির্ম্মিত জালির কর্ম্ম

Tremble, *v. n.* কাঁপ, থরথর-কৃ
Tremblingly, *a.* কাঁপিতেং [কাঁপক
Tremendous, *a.* ভয়ানক, ভয়ঙ্কর, শ-
Tremour, *s.* কাঁপনি, থর থরানি
Tremulous, *a.* ত্রাসযুক্ত, ভীত
Trench, *s.* খাত, খাই খানা, জুলী
Trench, *v. a.* খাত-কৃ খানা কাট
Trenchant, *a.* তীক্ষ্ণ, চোকাল
Trencher, *s.* গড়খাই, খনক ; কাষ্ঠ-পাত্রবিশেষ [ছেদনাস্ত্রবিশেষ
Trepan, *s.* ফাঁদ, কল, ফাঁকী, ব্যব-
Trepan, *v. a.* ফাঁদে ফেল কলেবদ্ধ-কৃ
Trepidation, *s.* কম্প, কাঁপনি
Trespass, *s.* লঘু দোষ, ত্রুটি, অপ-রাধ : অন্যায়রূপে অন্যের ভূমিতে প্রবেশ
Trespass, *v. n.* ত্রুটি-কৃ, দাইট কৃ, পাপ-কৃ ; অন্যায়পূর্ব্বক অন্যের ভূমিতে প্রবেশ-কৃ
Tresses, *s* জুলপি, বাবরি
Tret, *s.* ওজনের ধরাট
Trial, *s* পরীক্ষা ; তজবিজ করিয়া দে-খন, বিচার, তজবিজ
Triangle, *s.* ত্রিকোণ, ত্রিভুজ
Triangular, *a.* ত্রিকোণবিশিষ্ট
Tribe, *s.* বর্ণ, বংশ, কুল, গোষ্ঠী, জাতি
Tribulation, *s.* দুঃখ, ক্লেশ, সন্তাপ, বিপত্তি
Tribunal, *s.* আদালত বিচারস্থল
Tributary, *a.* করাধীন, করতল, বশ, অধীন
Tribute, *s.* কর, রাজস্ব, খাজানা
Trice, *s* মুহূর্ত্ত, নিমেষ
Trick, *v. a.* প্রবঞ্চনা-কৃ, ছল-কৃ
Trick, *s.* প্রতারণা, চাতুরী [প্রতারণা
Tricking, *s.* পরিচ্ছদ, সজ্জা, অলঙ্কার ;
Trickle *v. n.* ঝর, ক্ষর, ফোঁটাং পড়
Trident, *s.* ত্রিশূল, ত্রিফলা
Triennial, *a* ত্রৈবার্ষিক, ত্রিবর্ষীয়
Trier, *s.* পরীক্ষক, যাচনদার
Trifle, *v. n.* ছেলেমি-কৃ ; ঠাট্টা কৃ
Trifle, *s.* অনর্থক বস্তু, তুচ্ছদ্রব্য
Trifler, *s.* অবহেলা বা তুচ্ছকর্ত্তা
Trifling, *a.* ছোট, তুচ্ছনীয়, মাচ
Trifoliate, *a* ত্রিপত্তক
Trigger, *s.* বন্দুকের টিপকল
Trigonometry, *s* ত্রিকোণ বস্তুর পরি-মাপক বিদ্যা
Trilateral, *a.* তিন পাশিয়া
Trill, *s.* স্বরজ, বাদ্যের কম্প
Trillion, *s* শতপরার্দ্ধ সংখ্যা
Trim, *a* সুন্দর, পরিপাটী, সুবেশ
Trim, *v a* অলঙ্কৃত কৃ, সুবেশ-কৃ ; ক্ষৌরি কৃ, মুণ্ডন-কৃ ; বোঝাই দ্রব্য সমানে রাখিয়া জাহাজ ঠিক-কৃ
Trim, *s* পরিচ্ছদ, সাজগোজ অলঙ্কা-র ; ঠাট, ভাব
Trimmer, *s.* এক দলহইতে অন্য দলে প্রবেশ করে যে [ঝালর
Trimming, *s* জরি, গোটা, ঝাপ্পা,
Trinitarian, *s* ত্রয় একাত্মক মতাবলম্বী
Trinity, *s.* একাত্মত্রয়
Trinket, *s.* অলঙ্কার, গহনা, বিভূষণ ; ক্রীড়া দ্রব্য, অল্প মূল্যক দ্রব্য
Trip, *v. n.* নেঙ্গি-মার, ঠোকরলাগ, উচোট-খা ; লঘুরূপে দৌড়-কৃ ; ভ্রম-কৃ [যাত্রা
Trip, *s.* উচোট, টক্কর অল্প কালের
Tripartite, *a.* তিন ভাগে বিভক্ত, ত্র্যংশীকৃত
Tripe, *s.* পশুর নাড়ী, ভুঁ তুড়ি, অন্ত্র
Tripetalous, *a.* ত্রিদল, ত্রিপত্র
Tripthong, *s.* একত্র তিন স্বরের উ-চ্চারণ, ত্রিস্বর

Triple, *a.* তেহারা, ত্রিগুণ
Triplet, *s.* ত্রিপদী, শ্লোক ; একই রকমের তিন
Triplicate, *a.* ত্রিগুণ, তেহারা; তেকর
Tripod, *s.* ত্রিপদী তেপায়া
Tripping, *a* শীঘ্রগামী, বেগগামী [শব্দ
Trisyllable, *a* ত্রিস্বর, তিন অক্ষরের
Trite, *a.* প্রাচীন, জীর্ণ ; সাধারণ
Trituration, *s* চূর্ণ কি গুড়া করণ
Trivial, *a.* অতিক্ষুদ্র, সামান্য
Triumph, *s.* জয় জিত
Triumph, *v. n.* জয় হ, জিত
Triumpha, *a.* জয়বিষয়ক
Triumphant, *v.* জয়ী, বিজয়ী
Triumpher, *s.* জয়কর্ত্তা, বিজয়ী
Triune, *a.* ত্রিএক, তিনে এক
Troil, *v. a* ঘুরপাক-দা
Trollop, *s.* কদর্য্য, নোংরা স্ত্রী
Troop, *s.* সৈন্যসমূহ, ফৌজ ; সম্প্রদায়
Trooper, *s.* অশ্বারূঢ়, ঘোড়সওয়ার, তুরুক সওয়ার [মূলার্থ পরিবর্ত্ত
Trope, *s.* অলঙ্কার শাস্ত্রের বাক্যের
Trophied, *a* যুদ্ধের জয় চিহ্নবিশিষ্ট
Trophy, *s.* জয়সূচক চিহ্ন, সমর.ক্রান্ত বস্তু [অয়ন
Tropic, *a.* উত্তর দক্ষিণায়নের সীমা,
Tropical, *a.* উত্তর দক্ষিণায়নের সীমা সম্বন্ধীয়, দৃষ্টান্তার্থক
Trot, *v. n.* লাফাইয়া-চল
Trot, *s.* দুলকিয়া ঘোটকের দ্রুতগতি
Troth, *s.* বিশ্বাস, প্রত্যয়, নিষ্ঠা
Trouble, *v. a.* ক্লেশ-দা, বিরক্ত-কৃ
Trouble, *s.* ক্লেশ, বৈরক্ত্য
Troublesome, *a.* ক্লেশদায়ক
Troublous, *a.* অস্থির, ব্যাকুল
Trough, *s.* কেটুরা, কাটের ডোঙ্গা
Trowsers, *s.* পায়জামা, ইজার

Trow, *v. n.* অনুমান-কৃ ; চিন্তা-কৃ
Trowel, *s.* কর্ণিক
Truant, *s.* পাঠশালায় না গিয়া যে বালক খেলা করিয়া বেড়ায়
Truant, *s.* অলস, জড়, সুস্তি
Truce, *s.* ক্ষণমাত্র যুদ্ধনিবৃত্তি
Truck, *s.* মার্জ্জা ; ক্ষুদ্র চাকার গাড়ি
Truck, *v. a.* বিনিময়-কৃ, মার্জ্জা-কৃ
Truckle, *v. n.* ক্ষুদ্র চাকার গাড়িতে-চালা ; অধীন-হ, বশ-হ
Truculent, *a.* ক্রূর, নিষ্ঠুর
Trudge, *v. n.* অতি পরিশ্রমপূর্ব্বক গমন-কৃ, কষ্টে পথ-চল [খারা
True, *a.* অকৃত্রিম, প্রকৃত, নিষ্ঠ, ঠিক,
True-hearted, *a.* বিশ্বস্ত, সাধু
Truism, *s.* নিঃসন্দেহবাক্য, সত্যতা
Trull, *s.* বেশ্যা, কসবী, খানকী
Truly, *ad* সত্যরূপে, প্রকৃতরূপে যথার্থরূপে [লার তুরুপ
Trump, *s.* তুরী, রণশিঙ্গা, তাস খে-
Trump, *v. a.* তুরুপ-মার ; *to trump up* রচনা কৃ, কল্পনা-কৃ [বাক্য
Trumpery, *s.* তুচ্ছ দ্রব্য ; অনর্থক
Trumpet, *s.* তুরী, রণশিঙ্গা
Trumpet, *v. a.* তুরী-বাজা
Trumpeter, *s.* তুরীবাদক
Truncate, *v. a.* অঙ্গছিন্ন-কৃ, ছাঁট
Truncheon, *s.* আসা, সোটা, আজ্ঞা দণ্ড ; মুগুর, লাটি
Trundle, *v. n.* গড়াইয়া-যা, গড়া
Trunk, *s.* গাছের গুঁড়ি ; গাত্র ; চর্ম্ম মণ্ডিত সিন্দুক ; হস্তির শুঁণ্ড
Trunnions, *s* কামানের হাতল
Truss, *s.* চিকিৎসকের পটি বিশেষ ; বোঝা, গাঁইট
Trust, *s.* বিশ্বাস, প্রত্যয় ; জিম্মা
Trust, *v. a.* বিশ্বাস-কৃ, প্রত্যয়-কৃ

Trustee, s. যাহার নিকটে বিশ্বাসপূর্ব্বক কোন দ্রব্য গচ্ছিত হয়
Trusty, a. বিশ্বস্ত, সাধু, প্রত্যয়ী
Truth, s. সত্যতা, যথার্থতা
Try, v. a. পরীক্ষা-ক, যাচ, পরখ ক
Try, v. n. উদ্যোগ ক, চেষ্টা-ক
Tub, s. কেঠুয়া, কাষ্ঠপাত্রবিশেষ
Tube, s. চুঙ্গী, নল, নালী
Tubercle, s. ব্রণ বিস্ফোটক
Tubular, a. প্রনালীবৎ, নলাকৃতি
Tuck, v. a. গুটা, জড়া
Tuck, s. ভাঁজ, টানা
Tuesday, s. মঙ্গলবার
Tuft, s. গোচ্ছা, থোবা, ঝাড়, গুচ্ছ
Tug, v. a. আকর্ষণ-ক, টান, অতি শ্রমে ক্রমিক-টান
Tug, s. হেঁচকা, আকর্ষণ, টান
Tuition, s. শিক্ষা, উপদেশ; শিক্ষার বেতন; প্রতিপালকতা
Tulip, s. পুষ্পবিশেষ
Tumble, v. n. আছাড়-খা, পড়; ইন্দ্রজাল-ক; উলটাইয়া-ফেল
Tumbler, s. পতন, আছাড়, দিকবাজি
Tumbler, s. দিকবাজিকর; পানপাত্র গৃহবাজ কবুতর
Tumefaction, s. ফুলা, ফাপানি
Tumefy, v. a. স্ফীত ক, ফুল, ফাঁপা
Tumid, a. স্ফীত, ফুলা, ফাঁপা
Tumor, s. ফোড়া, স্ফোটক, গর্ব্ব
Tumult, s. দাঙ্গা, হঙ্গামা, জনতা
Tumultuous, a. গণ্ডগোলিয়া; কলহকারী
Tun, s. প্রায় ২৭ মোন ভারী পিপা
Tune, v. a. স্বর বদ্ধ-ক, স্বরের মিল-ক, সুস্বরে গান-ক
Tune, s. স্বর, সুর রাগ, রাগিণী
Tuner, s. যে সুর বান্ধে
Tunic, s. জামাবিশেষ; আচ্ছাদন, [পর্দা
Tunicle, s. আচ্ছাদন, চর্ম্ম
Tunnage, s. জাহাজের বোঝাইর পরিমাণ বা ভাড়া
Tunnel, s. ধূয়ার ফুকর; মৃত্তিকার নীচে সুড়ঙ্গ পথ
Turban, s. পাগ, পাগড়ি, ফেটা
Turbid, a. ঘোলা, কাদাটিয়া
Turbulence, s. গোল, ঘোর
Turbulent, a. কলহকারী
Turd, s. বিষ্ঠা মল, গু
Turf, s. ঘাসের চাপড়া বা চাপ
Turgid, a. ফাঁপা, ফুলা; অর্থহীন অথচ অলঙ্কারে পরিপূর্ণ বাক্য
Turgidity, s. স্ফীতত্ব, ফুলা, ফাঁপা
Turk, s. তুরুকীয় লোক
Turkey, s. পেরু; তুরুক দেশ
Turkois, s. পিরোজা মণিবিশেষ
Turmeric, s. হরিদ্রা, হলুদ
Turmoil, s. উৎপাত, আপদ, ক্লেশ
Turn, v. a. ফির, ঘুর, পাক দা; উলটাইয়া-দা, উলট্‌পালট-ক: তলা কুঁদ বা ভ্রমি যন্ত্রের দ্বারা নির্ম্মাণ-ক; পরিবর্ত্তন ক; তরজমা-ক, নারাজ করা; পাগল-ক; *to turn away*, কর্ম্মচ্যুত-ক; *to turn off*, ছাড়, ত্যাগ-ক; *to turn over*, হস্তান্তর-ক [ভ্রমণ; বদল, উলটা
Turn, s. ঘুরন, ফের, পাক: ইতস্ততো
Turner, s. কুন্দরি, কুন্দাকর
Turning, s. পাক, ফের, বাঁক
Turn-coat, s. স্বধর্ম্মত্যাগী
Turnip, s. সালগ্রাম, মূলবিশেষ
Turpentine, s. টারপিন তৈল
Turpitude, s. অধমতা, নীচত্ব

Turtle, s. কচ্ছপ, কূর্ম্ম
Turtledove, s. ঘুঘুবিশেষ
Tush, Tut, *interj.* ফিস্, ফুস্, ছি, ছ্যা ইত্যাদি অব্যয় শব্দ
Tusk, s. পশুর বৃহৎদন্ত, দাঁত
Tutelage, s. প্রতিপালন
Tutelar, a. প্রতিপালক, রক্ষক
Tutenag, s. চীন দেশীয় দস্তা
Tutor, s. গুরু, শিক্ষক, উপদেশক
Tutor, v. a. শিক্ষা-কৃ, উপদেশ-দা
Tutoress, s. শিক্ষাদায়িনী
Tutorship, s. শিক্ষকের পদ
Tutty, s. তুতিয়া, তুতে
Twain, a. দুই জোড়া উভয়
Twang, s. টঙ্কার, ঠন্ ঠন্
Twang, v. a. টঙ্কার-কৃ, ঠন্ ঠন্-কৃ
Twanging, a. ঠন্ ঠন্ শব্দকারী
'Twas, It was এই শব্দের সঙ্কেত অর্থাৎ ছিল
Tweak, v. a. চিমটি-কাট, খাবচা
Tweedle, v. a. ঈষৎ স্পর্শ-কৃ
Tweezers, s. মোচনা, শন্না, চিমটা
Twelfth, a দ্বাদশ, বারুই
Twelve, a. দ্বাদশ, বারো
Twenty, a. বিংশতি, বিশ, কুড়ি
Twentieth, a. বিংশতিতম, বিশা
Twice, ad দুই বার, দুই দফা
Twig, s. পল্লব, ফিকড়ি ; কঞ্চী
Twilight, s. অরুণোদয়, প্রত্যূষ, উষা গোধূলি সময়, সায়ংকাল
Twin, s. যমকসন্তান ; মিথুনরাশি
Twin, v. a. যমক প্রসব-কৃ
Twinborn, a. যমক, যমজ
Twine, v. a. পাক-দা, লুটি-কৃ
Twine, s. সুতুলি, বেটে, দড়ি
Twinge, v. a. চিড়িক-মার, বেদনা-কৃ,

Twinge, s. বেদনাজন্মান, চিড়িক মারিয়া উঠন
Twinkling, v. n. মিট্‌মিট্-কৃ, মিটমিট-কৃ, মিনমিন-কৃ [চিকমিক
Twinkling, s. চক্ষুরনিমিষ, মিন্ মিন্,
Twirl, s. চক্রের ন্যায় গতি, ফিরণঘুরণ
Twirl, v. a. ফির, পাক-দা, ঘুরপাক-দা [একত্র
Twist, v. a. পাক-লাগ, মোড়, জড়া ;
Twist, s. পেঁচ, পাক, দড়িচা সূতা, মোচড়ান
Twister, s. যে দড়ি পাকায়
Twit, v. a. ব্যঙ্গ-কৃ ঠাট্টা কৃ
Twitch, v. a কাড়িয়া-ল
Twitch, s. উৎপাটন, উপড়ান
Twitter, v. n চট্ চট্ শব্দ-কৃ, খিল খিল করিয়া-হাঁস
Twitter, s. হাঁসি, খিলখিল
Two, a. দুই, দ্বি
Two-and-a-half, আড়াই
Two-fold, a. দোহারা
Tympan, s. ছাপাযন্ত্রের চৌকশ
Tympanum, s. কর্ণ কুহরের দুন্দু ; ঢক্কা, ঢাক, ঢোল
Tympany, s. উদর রোগবিশেষ
Type, s. ছাপার অক্ষর, হরফ ; চিহ্ন ; প্রতিমূর্ত্তি, নিদর্শন
Typical, a. নিদর্শনরূপক
Typographer, s. ছাপাকর
Typographical, a. ছাপাসম্বন্ধীয়
Typography, s. ছাপা করণ বিদ্যা
Tyrannical, a. উপদ্রবী, নিষ্ঠুর
Tyrannicide, a. উপদ্রাবক ব্যক্তির হত্যা
Tyrannise, v. n. উপদ্রবী-হ
Tyrannous, a. নিষ্ঠুর ক্রূর, কঠোর

Tyrant, *s.* অত্যাচারী
Tyro, *s.* নবশিক্ষক, শিক্ষানবিস

U

U, ইংলণ্ডীয়বর্ণমালার একবিংশতিতম অক্ষর

Ubiquity, *s.* সর্ব্বব্যাপিত্ব
Udder, *s.* পশ্বাদির স্তন, পালান
Ugliness, *s.* কদর্য্যতা, কুৎসিততা
Ugly, *a.* কুৎসিত, কুরূপ, কদাকার
Ulcer, *s.* ক্ষত, ঘা, নালী ঘা
Ulcerous, *a.* ক্ষত রোগগ্রস্ত
Uliginous, *a.* আঠাবৎ, চটচটিয়া
Ulterior, *a.* অন্তরস্থ, দূরস্থ
Ultimate, *a.* অন্ত, সর্ব্বশেষ
Untimately, *ad.* সর্ব্বশেষে শেষ কালে আখেরে [চার
Ultimatum, *s.* শেষ কথা, অন্তিম বি-
Ultramarine, *a.* সমুদ্রপারস্থ
Umbilical cord, *s.* নাভীর নাড়ী, রজ্জু
Umbrage, *s.* ছায়া, গাছের ডাল; অহিত জ্ঞান; বেজার, দেক
Umbrageous, *a* ছায়াযুক্ত, আওতা
Umbrella, *s.* ছত্র, ছাতা
Umpire, *s.* মধ্যস্থ, সালিস
Un, নঙমর্থক অব্যয়, শব্দ, ইহা কোন শব্দের পূর্ব্বে প্রয়োগ করিলে বিপরীতার্থ বুঝায়; যথা *able*, পারগ; *unable*, অপারগ
Unbased, *a.* অমন্ত্রীভুত
Uuabashed, *a.* অবিলজ্জিত
Unable, *a.* অপারক, অশক্ত
Unacceptable, *a.* অগ্রাহ্য
Uuaccountable, *a.* অনিশাকারী, দায়ী নহে যে; চমৎকার্য্য [অপ্রচলিত
Unaccustomed, *a.* অনভ্যবহার্য্য, নূতন
Unacquainted, *s.* অজ্ঞাত, অপরিচিত
Unacquired, *a.* অনুপার্জ্জিত
Unadorned, *a.* অভূষিত
Unadvised, *a.* অযুসিক্তদ্ধি, নির্ব্বোধ
Unadulterated, *a.* অকৃত্রিম, নির্ভাজ, শুদ্ধ
Unadvisable, *a.* অপরামৃশ্য
Unaffected, *a* সরল, উদার, অকপট, প্রকৃত, ঠিক; স্নেহরহিত [হিত
Unaided, *a* নিঃসহায়, সহকারিতার-
Unalienable, *a.* যাহা হস্তান্তর হইতে পারে না
Unalloyed, *a.* নির্ভাজ, নিখুঁত
Unalterable, *a.* অপরিবর্ত্তনীয়
Unalterably, *ad.* অবিকার্য্যরূপে
Unambitious, *a.* লোভরহিত
Unamiable, *a.* অপ্রিয়, অহৃদ্য
Unanimity, *s* একচিত্ততা, মনেরঐক্য, এক পরামর্শ
Unanimous, *a.* এক পরামর্শী, একচিত্ত
Unanswerable, *a.* অপ্রত্যুত্তর যোগ্য, অদায়ভোগী
Unappalled, *a.* অভীত, নির্ভয়
Unappeasable, *a.* অসাম্য, অনিরস্তাক
Unapproachable, *a.* অনাগমনীয়, অনুপগম্য [রগ
Unapt, *a.* অনিপুণ, অযোগ্য, অপা-
Unarmed, *a.* অসজ্জিত, অস্ত্ররহিত, নিরস্ত্র
Unasked, *a* অনাহূত, অযাচিত
Unaspiring, *a.* অগর্ব্বী, নম্র
Unassisted, *a.* অনুপকৃত
Unassuming, *a.* নিরহঙ্কারী
Unattainable, *a.* অপ্রাপ্য
Unattended, *a.* নিঃসঙ্গী একাকী
Unavailing, *a.* বৃথা, অনর্থক
Unavoidable, *a* অনিবার্য্য

Unauthentic, *a.* কল্পিত, কৃত্রিম
Unauthorised, *a.* অনাদৃষ্ট, অননুমতি প্রাপ্ত
Unaware, *ad.* হঠাৎ, অকস্মাৎ
Unbar, *v. a.* বন্ধন-খোল, মুক্ত-কৃ
Unbecoming, *a.* অনুচিত
Unbelief, *s.* অপ্রত্যয়, অবিশ্বাস
Unbeliever, *s.* অবিশ্বাসী, নাস্তিক
Unbend, *v. a.* অনত-কৃ, সোজা-কৃ
Unbending, *a.* দৃঢ়প্রতিজ্ঞা, অনম্য
Unbias, *v. a.* দ্বেষ বা সন্দেহ ভঞ্জন-কৃ
Unbidden, *a.* অনাহূত, অনিমন্ত্রিত
Unbind, *v. a* বন্ধন মুক্ত-কৃ, খোল
Unblamable, *a.* অদূষ্য, নির্দোষী
Unblemished, *a.* নিখুঁত, পবিত্র
Unblest, *a.* নিরানন্দ, শাপগ্রস্ত
Unblown, *a.* অপ্রফুল্ল, মুদিত
Unblushing, *a.* নির্লজ্জ
Unbolt, *v. a.* হুড়কা-খোল
Unborn, *a.* অজাত, অনুৎপন্ন
Unbosom, *v. a.* মনের কথা খুলিয়া-বল, ব্যক্ত-কৃ
Unbounded, *a.* অসীম, বেহদ্দ
Unbridled, *a.* অবাধ্য, অনায়ত্ত
Unbroken, *a.* অলঙ্ঘিত, অখণ্ডিত
Unburnt, *a.* অপোড়া, অদগ্ধ
Unburthen, *v. a.* ভার রহিত-কৃ, খালি-কৃ ; মনের কথা প্রকাশ-কৃ
Uncertain, *a.* অনিশ্চিত, অস্থির, সন্দেহযুক্ত
Uncertainty, *s.* সন্দিগ্ধতা, সন্দেহ
Unchain, *v. a.* বেড়ি-খোল
Unchangeable, *a.* অপরিবর্ত্তনীয়
Uncharitable, *a.* অদাতা
Unchaste, *a.* কামার্থী ; অসতী
Unchecked, *a.* অনিবারিত
Uncivil, *a.* অশিষ্ট, অসভ্য
Uncivilized, *a.* অসভ্য, গোঁয়ার
Uncle, *s.* জ্যেঠা, খুড়া ; মামা, মাতুল ; পিসা ; মাসুয়া
Unclean, *a.* অপবিত্র, অশুদ্ধ
Uncleanness, *s.* অপবিত্রতা
Unclothe, *v. a.* উলঙ্গ-কৃ, নগ্ন-কৃ
Unclose, *v. a.* ব্যক্ত-কৃ, অনাবৃত-কৃ
Unclouded, *a.* অমেঘাচ্ছন্ন, ফর্সা, অন্ধকাররহিত
Uncoil, *v. a.* এলুয়া-কৃ, পাকখোল
Uncomely, *a.* কদাকার, কুৎসিত
Uncomfortable, *a.* অসুখী
Uncommon, *a* অপূর্ব্ব, অদ্ভুত
Unconcern, *s.* অমনোযোগ, উপেক্ষা, নিশ্চিন্তা
Unconditional, *a.* নিয়ম হয় নাই [যাহার
Unconnected, *a.* অসম্পর্কীয়
Unconquerable, *a.* অপরাভবনীয়, অপরাজেয়
Unconscionable, *a.* অসঙ্গত, অনুচিত, অন্যায়
Unconstrained, *a.* স্বচ্ছন্দে করা- [গিয়াছে যাহা
Uncontrollable, *a.* অবাধ্য, অদম্য
Unconverted, *a.* যাহার পরামনন হয় নাই, অপরিবর্ত্তনীয়
Uncourteous, *a.* অশিষ্ট, অসভ্য
Uncouth, *a.* অদ্ভুত, অপরূপ, আশ্চর্য্য
Uncover, *v. a.* খোল, অনাচ্ছাদিত-কৃ, [অনাবৃত-কৃ
Uncovetly, *a.* অশিষ্ট, অসভ্য
Uncreated, *a.* অজাত, অনুৎপাদিত
Unction, *s.* অভিষেক, মর্দ্দন ; তেলা দ্রব্য, প্রলেপ
Uncultivated, *a.* পতিত, পড়া, গর-আবাদি ; অসভ্য
Undaunted, *a.* নির্ভয়, নিঃশঙ্ক, অভীত

Undecayable, *a.* ক্ষয় হইতে পারে না যাহার [না-কৃ, চক্ষু-ফুটা
Undeceive, *v. a* ভ্রম দূর-কৃ, সেয়া-
Undefiled, *a.* অভ্রষ্ট, নির্ম্মল, শুচি
Undefinable, *a* অনিরূপণীয়
Undefined, *a.* অনিরূপিত
Undeniable, *a.* অকাট্য, স্বীকার্য্য
Under, *ad. and pr. beneath,* নীচে, অধতে, নামতে, তলে ; অপেক্ষাকৃত ন্যূন ; অধীন, বশ
Underbid, *v. a* উপযুক্ত মূল্যাপেক্ষা ন্যূন মূল্য-ডাক
Undergo, *v a.* ভোগ-কৃ, সহ্য-কৃ
Underhand, *a.* গুপ্ত, কাপট্যযুক্ত, প্রতারণাযুক্ত
Underline, *v. a.* নীচে কসি টান
Underling, *s.* অন্যের অধীনে যে ব্যক্তি কর্ম্ম করে, পেস্কার
Undermine, *v. a.* সুড়ঙ্গ-কৃ
Undermost, *a.* সকলের নীচে
Underneath, *ad.* অধতে, নীচে
Underpart, *s.* অধস্থ ভাগ
Underplot, *s.* অপ্রধান পরামর্শ
Underrate, *v. a.* অল্পমূল্য জ্ঞান-কৃ ; তুচ্ছ-কৃ, হালকী বোধ-কৃ
Undersell, *v. a.* অন্যাপেক্ষা সস্তা বিক্রয়-কৃ [বোধ-কৃ
Understand, *v. a.* বুঝ, বিবেচনা-কৃ,
Understanding, *s.* জ্ঞানেন্দ্রিয়, বুদ্ধি, জ্ঞান, বিদ্যা ; নিয়ম
Undertake, *v. a* প্রবৃত্ত-কৃ, ভার-লয
Undertaker, *s.* কর্ম্মের ভার লয় যে, সরবরাহকারক ; মুর্দ্দারফরাশ
Undertaking, *s.* কার্য্য, কর্ম্ম, বিষয়
Undertenant, *s.* পেটাও প্রজা
Undervalue, *v. a.* অল্প মূল্য জ্ঞান-কৃ, তুচ্ছ-কৃ, সামান্য বোধ-কৃ

Underwood, *s.* ঝোড়, ঝাড়, বন
Underwriter, *s.* বিমাকারক
Underscribable, *a.* অনির্ব্বচনীয়
Undeserving, *a.* অপাত্র, অযোগ্য
Undetermined, *a.* অনিশ্চিত, অনির্ণীত অনির্দ্ধারিত
Undeviating, *a.* সাধারণ নিয়ম বা পথহইতে বাহির হয় নাই যাহা
Undigested, *a.* অজীর্ণ, অপক্ক
Undisciplined, *a.* অশিক্ষিত
Undiscoverable, *a.* যাহার সন্ধান পাওয়া যায় না
Undisguised, *a.* অকপট, অশঠ
Undismayed, *a.* অভীত, অভীক
Undisputed, *a.* কথা নাই যাহার উপর, অবিরোধীয়
Undisturbed, *a.* সুস্থির, অচঞ্চল
Undivided, *a.* অবিভক্ত, অচ্ছিন্ন, অপৃথক
Undo, *v. a.* নষ্ট-কৃ ; বন্ধন-খোল
Undoing, *s.* বিনাশকারী, নাশক
Undomesticated, *a.* অপুষ্ট
Undone, *a* নষ্ট, অচ্ছিন্ন, অকৃত
Undoubtedly, *ad.* নিঃসন্দেহরূপে, নিতান্ত, অবশ্য
Undress, *v. a.* বস্ত্র ছাড়
Undress, *s.* কাপড়-ছাড়া, অবস্ত্রান্বিত অবস্থা
Undue, *a.* অন্যায়, অনুচিত
Undulate, *v. a* ঢেউ হইয়া-উঠ
Undulation, *s.* আন্দোলন
Unduly, *ad.* অকর্ত্তব্যরূপে
Undutiful, *a.* অনানুবর্ত্তী
Uneasiness, *s.* উৎকণ্ঠা, উদ্বেগ
Uneasy, *a.* উৎকণ্ঠিত, উদ্বিগ্ন
Unequal, *a.* অতুল্য, অসমান
Unequally, *ad* অতুল্যরূপে

Unequivocal, *a* অসন্দিগ্ধ
Unerring, *a*. নির্ভুল, নিশ্চয
Unessential, *a*. অসার, নির্জীব
Uneven, *a*. অসমান, উচ্চনীচ
Unexampled, *a*. অনুপম, অপূর্ব্ব
Unexceptionable, *a*. অনাপত্তিযোগ্য
Unexecuted, *a*. অকৃত, যাহা করা যায় নাই
Unexercised, *a*. অনভ্যস্ত, অব্যবহৃত
Unexpected, *a* অনপেক্ষিত, অকস্মাৎ
Unfaded, *a*. অম্লান, অশুষ্ক, তাজা
Unfading, *a* চিরস্থায়ী, অক্ষয়
Unfair, *a*. অন্যায, অযথার্থ
Unfaithful, *a*. অবিশ্বস্ত
Unfashionable, *a*. অচলন
Unfathomable, *a*. অতলস্পর্শ
Unfavourable, *a*. অপ্রসন্ন
Unfeasible, *a*. অসাধ্য, অপার্য্য
Unfeeling, *a*. নির্দয়, ক্রূর, কঠিন
Unfeigned, *a*. অকৃত্রিম, প্রকৃত
Unfertile, *a*. অফলা, অনুর্ব্বরা
Unfinished, *a*. অসমাপ্ত, অসাঙ্গ
Unfit, *a*. অনুচিত, অনুপযুক্ত
Unfixed, *a* অস্থির, চঞ্চল
Unfold, *v. a* খোল, প্রকাশ-কৃ
Unforeseen, *a*. অদৃষ্ট
Unforgiving, *a*. অক্ষমাকর, নির্দয়
Unformed, *a*. অগঠিত, অনির্ম্মিত
Unfortunate, *a* লক্ষ্মীছাড়া, দুঃখী
Unfounded, *a*. অমূলক, মিথ্যা
Unfriendly, *a* অপ্রণয়ী, অপ্রসন্ন, অকৃপালু
Unfruitful, *a*. নিষ্ফলা, বন্ধ্যা
Unfulfilled, *a*. অসমাপ্ত
Unfurl, *v. a*. খোল, বিস্তীর্ণ-কৃ
Ungainly, *a*. কুৎসিত, কদাকার
Ungathered, *a* অসংগৃহীত
Ungenerous, *a*. অদাতা, কৃপণ
Ungenial, *a*. অস্বাভাবিক
Ungenteel, *a*. গেঁয়ার, অসভ্য
Ungentle, *a*. অসভ্য, বন্য
Ungentlemanly, *ad*. মহতের ধর্ম্ম বা লক্ষণহীন
Ungird, *v. a*. কোমরবন্ধ-খোল
Ungodly, *a*. অধার্ম্মিক, পাপিষ্ঠ, অশুচি, পাষণ্ড [অনিবার্য্য
Ungovernable, *a*. অদমনীয়, অবশ,
Ungraceful, *a*. কুশ্রী, কুরূপ
Ungracious, *a*. কদর্য্য, বিটকল
Ungrateful, *a*. অগ্রাহ্য ; নিমকহারাম, উপকার স্বীকার করে না যে
Unguarded, *a*. অনাবৃত, অরক্ষিত
Unguent, *s*. লেপ, মলম, প্রলেপ
Unhallowed, *a*. অশুচি, ভ্রষ্ট, নষ্ট
Unhandsome, *a* অনুত্তম অনুৎকৃষ্ট, ভাল নহে যাহা
Unhappily, *ad*. দুর্ভাগ্যক্রমে
Unhappy, *a*. নিরানন্দ, অসুখী
Unheard, *a*. অশ্রুত, অজ্ঞাত
Unheeded, *a* তাচ্ছল্যকৃত
Unheedful, *a* অসাবধান
Unhinge, *v. a*. কবজা-খোল ; লণ্ডভণ্ড-কৃ. ঘবরা
Unholiness, *s* অপবিত্রতা, অশুচিতা
Unholy, *a*. অধার্ম্মিক, অপবিত্র
Unhorse, *v. a* অশ্বহইতে-ফেল
Unhurt, *a* অপীড়িত, অহিংসিত
Unhurtful, *a*. অহিংস্রক
Unhusk, *v. a* খোসা তোল
Unicorn, *s* গণ্ডার, খড়্গী
Uniform, *a*. এক সমান, বরাবর
Uniformity, *s*. একরূপতা
Uniformly, *ad* সমানরূপে
Unimaginable, *a*. অচিন্তনীয়

Unimpaired, *a.* যাহার ক্ষয় বা ক্ষতি বা ম্লান হয় নাই
Unimpeached, *a.* অনপবাদিত
Unimportant, *a.* অনাবশ্যক
Uninhabitable, *a.* বসতি করণের অনুপযুক্ত [শূন্য
Uninhabited, *a.* নির্জন, বসতি হীন,
Uninjured, *a.* অনুপকার প্রাপ্ত, অপচয় হয় নাই যাহাতে
Uninstructed, *a.* অশিক্ষিত, অজ্ঞান
Unintelligible, *a.* অজ্ঞেয়, কঠিন, ঘোর, অব্যক্ত
Uninteresting, *a* অমনোরঞ্জন
Uninvited, *a.* অনিমন্ত্রিত
Union, *s.* ঐক্য, একচিত্ততা, মিল, সংসর্গ, সংশ্লেষ, সঙ্গম
Unique, *a.* অদ্বিতীয়, অনুপম
Unison, *s.* এক স্বর, এক ধ্বনি
Unit, *s.* এক, একক, একাঙ্ক
Unite, *v. a.* যোগ-কৃ, যুক্ত-কৃ
Unite, *v. n.* মিল-হ, ঐক্য-হ, একত্র-হ, সংযোগ-হ [একচিত্ততা
Unitedly, *ad.* ঐক্যমতে, মিলিয়া,
Unition, *s.* মিল ঐক্য
Unity, *s* ঐক্য, একত্ব, মিল
Universal, *a* সর্ব্বব্যাপী, সাধারণ, সর্ব্বময়
Universality, *s.* সর্ব্বব্যাপীত্ব, সর্ব্বত্ব
Universally, *ad.* সর্ব্বসাধারণরূপে
Universe, *s.* বিশ্ব, জগৎ, ত্রিভুবন, ব্রহ্মাণ্ড, সংসার
University, *s* যে বিদ্যালয়ে সর্ব্ববিদ্যা পাঠ হয়, চতুষ্পাটী
Unjointed, *a.* অগ্রন্থিযুক্ত
Unjust, *a.* অন্যায়ী, অযথার্থ
Unjustifiable, *a* যে বিষয়ের দোষ খণ্ডন হইতে পারে না

Unjustly, *ad.* অযথার্থরূপে
Unkind, *a.* অহিতৈষী, অকৃপ
Unkindness, *a.* অকৃপা, অননুগ্রহ
Unknit, *v. a.* বুনাট-খোল ; খোল, পৃথক-কৃ
Unknowingly, *ad.* অজ্ঞাতরূপে
Unknown, *a.* অজ্ঞাত, অনবগত
Unlade, *v. a.* উর্দ্ধবা কৃ, ভার বা বোঝাই খালী-কৃ [নিন্দিত
Unlamented, *a.* অবিলপিত, অক্র
Unlawful, *a.* অশাস্ত্রীয়, অবৈধ
Unlawfulness, *a.* বেআইনী
Unlearn, *v. a.* ভুলিয়া-যা
Unlearned, *a.* অপণ্ডিত, অবিজ্ঞ
Unleavened, *a.* বেখমির [না
Unless, *conj.* বিনা, ব্যতিরেকে, যদি
Unlettered, *a.* অশিক্ষিত, অজ্ঞান ; নিরক্ষর
Unlike, *a.* অসদৃশ, অতুল্য
Unlikely, *a.* অসম্ভব, অসঙ্গত
Unlimited, *a.* অসীম, অপরিমিত
Unlink, *v. a.* যোড়-খোল
Unload, *v. a* খালি-কৃ, অপর্ণ-কৃ
Unlock, *v. n* কুলুপ বা তালা খুলিয়া দা
Unlooked-for, *a.* অনপেক্ষিত [ফেল
Unloose, *v. a.* ছাড়. খোল. খসিয়া--
Unlovely, *a.* অপ্রিয়, অমনোহর, অরমণীয়
Unluckily, *ad.* অভাগ্যক্রমে
Unlucky, *a.* অশুভ, অমঙ্গল
Unman, *v. a* সাহস ভগ্ন-কৃ
Unmanageable, *a* অবাধ্য, অবশ
Unmanly, *a.* পুরুষত্বরহিত, স্ত্রৈণ
Unmask, *v a* ছদ্মবেশ ত্যাগ-কৃ, মুখস-খোল, গুপ্ত বিষয় ব্যাখ্যা-কৃ
Unmatched, *a.* অতুল্য, অদ্বিতীয়

Unmeet, *a.* অযোগ্য, অনুচিত
Unmerciful, *a.* নিষ্ঠুর, ক্রূর
Unmindful, *a.* অযোগ্য, অনুচিত
Unmindful, *a.* অসাবধান, ঢিলা
Unmingled, *a.* অমিশ্রিত, নিভাঁজ
Unmoor, *v. a.* নঙ্গর-তোল
Unmoved, *a.* অমুগ্ধ, অমোহিত
Unnatural, *a.* অস্বাভাবিক
Unnecessary, *a.* অনাবশ্যক
Unneighbourly, *a.* অহিতৈষী
Unnerve, *v. a.* ক্ষীণ-কৃ, দুর্ব্বল-কৃ
Unobjectionable, *a.* অনাপত্তি, করণীয়
Unobserved, *a.* অনালোচিত ; অপালিত
Unobstructed, *a* অবাধিত, অরুদ্ধ
Unobtainable, *a.* অপ্রাপণীয়
Unoccupied, *a.* খালি, শূন্য
Unoperative, *a.* অগুণকারী
Unostentatious, *a.* অগর্ব্বী
Unpack, *v. a.* মোট-খোল, গাঁইট-খোল, বস্তা-খোল
Upaid, *a.* অপরিশোধিত, অদত্ত
Unpalatable, *a.* অকচ্য, বিস্বাদু
Unparalleled, *a.* অপূর্ব্ব, অতুল্য, অনুপম
Unpardonable, *a.* অক্ষমণীয়, অমার্জনীয়
Unpardonably, *ad.* অক্ষমণীয়রূপে
Unpawned, *a.* অবন্ধক
Unperceived, *a.* অব্যক্ত, অগোচর
Unphilosophical, *a.* শাস্ত্রবিরুদ্ধ, অনুপযুক্ত
Unpleasant, *a.* অপ্রিয়, অরম্য, অভদ্র
Unpleasantly, *ad.* অপ্রিয়রূপে
Unpoetical, *a.* কাব্য শাস্ত্র সিদ্ধ নহে যাহা [কুণ
Unpolished, *a.* অশিষ্ট, অসভ্য অচি-
Unpolite, *a.* অসভ্য, মূঢ়
Unpolluted, *a.* শুচি, শুদ্ধ
Unpopular, *a.* সর্ব্বানিষ্ট
Unprecedented, *a.* অপূর্ব্ব, আনুখা
Unprepared, *a* অপ্রস্তুত, অসজ্জ
Unprevailing, *a.* অপ্রচলিত
Unprincipled, *a.* ধর্ম্মাধর্ম্ম বিষয়ে বিবেচনা করে না যে
Unprofitable, *a.* অনর্থক, অলাভ, অকেযুয়া, নিষ্ফল [কারী
Unpropitious, *a.* অপ্রসন্ন, অমঙ্গল-
Unprosperous, *a.* অকৃতার্থ, অপয়মন্ত, অভাগা
Unprotected, *a.* অনাশ্রিত, অরক্ষিত
Unpublished, *a.* অপ্রকাশিত
Unpunished, *a.* অদণ্ডিত, অশাসিত
Unqualified, *a.* অনুপযুক্ত, অযোগ্য
Unquenchable, *a.* অনির্ব্বাণীয়
Unquenched, *a.* অনির্ব্বাণ
Unquestionable, *a.* বেওজর
Unquestioned, *a.* অসন্দিগ্ধ
Unquiet, *a.* অস্থির, ব্যাকুল
Unravel, *v. a* আলাইয়া-দা ; ব্যাখ্যা-কৃ, অর্থ-কৃ
Unread, *a.* অপঠিত, অপড়া, অপ্রজ্ঞ
Unready, *a.* অপ্রস্তুত, অপটু
Unreal, *a.* অপ্রকৃত, কৃত্রিম
Unreasonable, *a.* অসঙ্গত
Unrebukable, *a.* অদূষ্য
Unreconciled, *a.* যাহার পুনর্মেল বা ঐক্য হয় নাই
Unredeemed, *a.* অমুক্ত, অনিস্তৃত
Unreflecting, *a.* অবিচারক
Unregarded, *a.* তাচ্ছল্যকৃত
Unregenerate, *a.* অপুনর্জাত
Unrelenting, *a.* কঠিন, ক্রূর
Unremitted, *a.* অবিশ্রান্ত
Unrepenting, *a.* অননুতাপী

Unreplenished, *a.* অপরিপূর্ণ
Unreproved, *a.* অনিন্দিত
Unresolved, *a.* সরল, খোলসা
Unresisting, *a.* অনিবারক
Unresolved, *a.* সন্দিগ্ধ, অনর্থ-কৃত
Unrestrained, *a* অবাধিত, স্বৈরী
Unrestrained, *a.* অপ্রকাশিত
Unrevenged, *a.* ক্ষমাপ্রাপ্ত
Unrewarded, *a.* অপ্রতিফল প্রাপ্ত
Unrevoked, *a.* অলুপ্ত
Unriddle, *v. a.* দৃষ্টান্তোক্তি অর্থ-কৃ
Unrighteous, *a.* অধার্ম্মিক, অযথার্থিক
Unrighteousness, *s.* অধার্ম্মিকতা, অযথার্থ
Unrip, *v. a.* বিদীর্ণ-কৃ, চাক-কৃ
Unripe, *a.* অপক্ক কাঁচা, অপোক্ত
Unrivalled, *a.* অতুল্য, অনুপম
Unrol, *v. a.* গুটান বস্তু-খোল
Unruly, *a.* অবাধ্য, অবশ, দুরন্ত
Unsafe, *a.* সঙ্কটাপন্ন, অনির্ব্বিঘ্ন
Usaid, *a.* অনুক্ত, অকথিত
Unsanctified, *a.* অপবিত্র
Unsatisfied, *a.* অতৃপ্ত, অপরিতুষ্ট
Unsatiable, *a.* তৃপ্তি হইতে পারে না যাহার, অপরিতোষণীয়
Unsatisfactory, *a.* অসন্তোষকারী
Unsavoury, *a.* বিস্বাদু, বিরস
Unsay, *v. a.* কথিত বাক্য অন্যথা-কৃ, কথা-উল্টা
Unscrew, *v. a.* পেঁচ-খোল
Unseal, *v. a.* ছাপ বা মোহর-খোল
Unseam, *v. a.* শেলাই-খোল, যোড়-খোল
Unsearchable, *a.* যাহার অনুসন্ধান হইতে পারে না
Unseasonable, *a* অকালীন, অসময়ী
Unseemly, *a.* অনুচিত, অনুপযুক্ত, অভব্য
Unseen, *a* অদৃষ্ট, অদেখা
Unserviceable, *a.* অকর্ম্মণ্য, অনর্থক, অকেযুয়া
Unsettle, *v. a* অস্থির-কৃ
Unshackle, *v. a.* বেড়া-খোল
Unshaken, *a.* অনড়, অকম্পিত
Unsheath, *v. a.* খাপহইতে বাহির-কৃ
Unsheltered, *a.* অনাশ্রিত, আশ্রয়-রহিত
Unship, *v. a.* জাহাজহইতে বাহির-কৃ
Unshorn, *a.* অমুণ্ডিত, অমুড়ান
Unsifted, *a.* অপরীক্ষিত ; অচালাক
Unsightly, *a.* কদাচার, কুশ্রী
Unskilful, *a.* অপটু, অকৃতী
Unskilled, *a.* অপটু, অজ্ঞান
Unslaked, *a.* অনিবৃত্তি, অনির্ব্বাণ
Unsociable, *a.* অনালাপী
Unsoiled, *a.* নিষ্কলঙ্ক, বেদাগ
Unsold, *a.* অবিক্রিত
Unsophisticated, *a.* নির্ভেজ, অমিশ্রিত
Unsought, *a.* অচেষ্টিত, অযাচিত
Unsound, *a.* অভগ্ন, অনিষ্ট ; পীড়িত অস্বস্থ
Unspeakable, *a.* অকথনীয়
Unstable, *a.* অস্থির, চঞ্চল
Unstained, *a.* নিষ্কলঙ্ক, অবর্ণাক্ত
Unsteady, *a.* অস্থির, চঞ্চল, অদৃ
Unsubdued, *a.* অজিত, অদান্ত
